

Class II
2nd Language (Bengali)

Worksheet

Topic – হাট

বিষয়বস্তু

হাট কবিতাটি লিখেছেন কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুর। এই কবিতাটিতে একটি হাটের বর্ণনা দিয়েছেন কবি। হাট হচ্ছে একটি খোলা বাজার যেটি সপ্তাহের একটি নির্দিষ্ট দিনে এবং জায়গায় বসে। এই কবিতায় হাট শুক্রবারে, বক্সীগঞ্জে পদ্মাপারে বসে। বংশীবদন গোরুর গাড়ি চালিয়ে তাতে কলসি হাঁড়ি বোঝাই করে হাটে নিয়ে যায়। তার সঙ্গে যায় ভাগ্নে মদন। গ্রামের মানুষ বিভিন্ন রকমের সস্তা, রান্নাঘরের ব্যবহার করবার বাসনপত্র, অন্যান্য খাবার, শহর থেকে আনা সস্তা ছাতা, আখের গুড় ইত্যাদি এনে বিক্রি করে। চাষীর মেয়ে নৌকো করে খড়ের আঁটি নিয়ে আসে। অন্ধ কানাই সেখানে গান গেয়ে ভিক্ষে করে। পাড়ার ছেলেরা জল ছিটিয়ে সাঁতার কাটে।

অর্থ লেখো :

১. ভাগ্নে
২. ঝাঁঝরি
৩. ধামা
- ৪ . কুলো
৫. অন্ধ
৬. ভিক্ষে
- ৭ . খড়ের আঁটি
৮. স্নানের ঘাট

নীচের প্রশ্নগুলোর উত্তর লেখো :

- ক) কুমোর পাড়ার গোরুর গাড়ি কী দিয়ে বোঝাই করা ?
- খ) কে গাড়ি চালায় ?
- গ) কে সঙ্গে যায় ?
- ঘ) কবে কোথায় হাট বসেছে ?

- ঙ) হাটে কী কী সস্তা পাওয়া যাচ্ছে ?
- চ) শহর থেকে কী এনে বিক্রি করছে ?
- ছ) রান্না ঘরের কী কী জিনিস হাটে পাওয়া যাচ্ছে?
- জ) এখো গুড়ের ওপর কী উড়ে বেড়ায় ?
- ঝ) পথের ওপরে কে গান শোনায় ও কেন ?
- ঞ) পাড়ার ছেলেরা কী করে ?

শূন্যস্থান পূর্ণ করো :

১. কলসি ভরা _____ গুড়ে _____ যত বেড়ায় _____ ।
 খড়ের _____ নৌকো _____
 আনল _____ চাষীর _____ ।
 অন্ধ _____ পথের পরে
 _____ শুনিয়ে _____ করে।